

ভর্তি বিজ্ঞপ্তি

যুব উন্নয়ন অধিদপ্তরধীন বগুড়া জেলা কার্যালয়ে নিম্নবর্ণিত প্রশিক্ষণ কোর্সে ভর্তির জন্য ১৮-৩৫ বছর বয়সী কর্মপ্রত্যাশী বেকার যুবক ও যুব নারীদের নিকট থেকে নিম্নবর্ণিত শর্তাবলী অনুসরণপূর্বক আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

কোর্সের নাম	কোর্সের মেয়াদ	ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা	ভর্তি ফি/ কোর্স ফি	আবেদনের শেষ তারিখ	মৌখিক সাক্ষাৎকারের তারিখ ও সময়	প্রশিক্ষণ শুরুর তারিখ
মৎস্য চাষ	১(এক) মাস	৮ম শ্রেণি	৫০/-	২৫/০১/২০২৬ খ্রি.	২৭/০১/২০২৬ খ্রি. সকাল ১০.০০টা	০১/০২/২০২৬খ্রি.

ভর্তি সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদি/শর্তাবলী :

- ০১। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, বগুড়া বরাবর স্বহস্তে আবেদন করে সংশ্লিষ্ট ট্রেডে জমা প্রদান করতে হবে। (আবেদন পত্রের সাথে সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের ফটোকপি, জাতীয় পরিচয়পত্র (NID) / জন্ম নিবন্ধন সনদপত্রের ফটোকপি এবং ২(দুই) কপি পাসপোর্ট সাইজ ছবি জমাদিতে হবে।)
- ০২। মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের নিমিত্ত আবেদনকারীকে নির্ধারিত তারিখে উপপরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, তিনমাথা রেলগেট, বগুড়া সকাল ১০.০০ টায় (ক) শিক্ষাগত যোগ্যতার সকল মূলসনদপত্র (খ) জাতীয় পরিচয়পত্র (NID) (যদি থাকে) অথবা স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ পৌর মেয়র কর্তৃক প্রদত্ত জন্ম নিবন্ধন/নাগরিক সনদপত্রের মূল কপি সংগে আনতে হবে। এ জন্য কোন প্রকার টি,এ/ডি,এ প্রদান করা হবে না।
- ০৩। বর্ণিত কোর্সে/ট্রেডে ভর্তি ইচ্ছুক বা আগ্রহী প্রার্থী বয়স অবশ্যই ১৮ থেকে ৩৫ বৎসর এবং কর্মপ্রত্যাশী যুবক ও যুবনারী হতে হবে।
- ০৪। আবেদনকারীর/প্রার্থীর বয়স নির্ধারণের জন্য এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
- ০৫। প্রার্থীকে অবশ্যই বেকার হতে হবে এবং আত্মকর্ম করে স্বনির্ভর হওয়ার জন্য আন্তরিক ভাবে সচেষ্ট থাকতে হবে।
- ০৬। প্রশিক্ষণকালীন সময়ে প্রশিক্ষণার্থীকে কেন্দ্রের যাবতীয় নিয়ম-কানুন মেনে চলতে হবে এবং নিয়মিত ক্লাসে হাজির থাকতে হবে।
- ০৭। প্রশিক্ষণ কোর্সটি অনাবাসিকভাবে পরিচালিত হবে।
- ০৮। শুধুমাত্র বগুড়া জেলার স্থায়ী অধিবাসিরা আবেদন করতে পারবেন।
- ০৯। অন্য কোন ট্রেডে প্রশিক্ষণপ্রাপ্ত যুবরা ভর্তির অযোগ্য বলে বিবেচিত হবে।
- ১০। ভর্তির ব্যাপারে নির্বাচনী বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

- ১১। প্রশিক্ষণ চলাকালীন সময়ে অবশ্যই স্বাস্থ্য বিধি মেনে চলতে হবে।
- ১২। অনাবাসিক প্রশিক্ষণের ক্ষেত্রে প্রশিক্ষণার্থীদের উপস্থিতির ভিত্তিতে বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে যাতায়াত ভাতা প্রদান করা হবে।
- ১৩। কোটা সংক্রান্ত সরকারী নির্দেশনা অনুসরণ করা হবে।
- ১৪। ভর্তির সময় নির্বাচিত প্রশিক্ষণার্থীগণকে সার্বক্ষণিক সক্রিয় মোবাইল নম্বর, Facebook আইডি, Whats app no. ও ই-মেইল আইডি আবশ্যিকভাবে দিতে হবে।



১১/০১/২০২৬

(মো: তোছাদ্দেক হোসেন)

উপপরিচালক

ফোন : ০২৫৮৮৮১৩৪৪১

ddbogra@dyd.gov.bd

স্মারক নং- ৩৪.০১.১০০০.০০০.২৫৩.১৫(অংশ-০৪)/২৫-৩২

তারিখ : ১১/০১/২০২৬ খ্রি.

অনুলিপি সদয় অবগতি জন্য প্রেরিত হলো :

- ০১। মহাপরিচালক(গ্রেড-১), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা
- ০২। জেলা প্রশাসক, বগুড়া
- ০৩। পরিচালক (প্রশিক্ষণ) , যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা
- ০৪। উপজেলা নির্বাহী অফিসার,, বগুড়া
- ০৫। কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, বগুড়া
- ০৬। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর,, বগুড়া
- ০৭।
- ০৮। অফিস কপি

বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো



১১/০১/২০২৬

(মো: সেলিম উদ্দিন)

সহকারী পরিচালক

যুব উন্নয়ন অধিদপ্তর, বগুড়া